

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল**  
**রাঙামাটি পার্বত্য জেলা**

স্মারক নং : না.শি.নি.দ.ট্রা/রাঙা/২০২২-০২

তারিখ : ১৯/০১/২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, রাঙামাটি পার্বত্য জেলা এর নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে প্ররোচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১.	স্টেনোগ্রাফার (সার্টিলিপিকার)	গ্রেড-১৩ ১১,০০০-২৬,৫৯০/-	০১টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ সার্টিলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ১০০ ও ৮০ শব্দ থাকতে হবে এবং টাইপ-এর সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩৫ ও ৩০ শব্দ থাকতে হবে।
০২.	গাড়ি চালক	গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০১টি	অষ্টম শ্রেণি পাস এবং মোটরগাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, তবে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবে।
০৩.	অফিস সহায়ক	গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/-	০১টি	অষ্টম শ্রেণি পাস।

### শর্তবলীঃ

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রকাশিত নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে তথ্যাদি স্বহস্তে পূরণপূর্বক তারিখ ও প্রার্থীর পূর্ণ নাম সহলিত স্বাক্ষরসহ আগামী ০৮-০২-২০২২ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে “চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙামাটি” বরাবর ডাকযোগে দরখাস্ত পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ০৮-০২-২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরির প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে-
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি সত্যায়িত ছবি।
  - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়ার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
  - বীর মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে এতদ্সংক্রান্ত প্রামাণিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
  - প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত ০১টি ফেরত খাম (৯×৪ ইঞ্চি)।
  - পরীক্ষার ফি বাবদ ১নং ত্রিমিকে পদের জন্য ১০০/- (একশত টাকা) এবং ২ ও ৩নং ত্রিমিকে পদের জন্য ৫০/- (পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ খাতে জমা প্রদানপূর্বক এর মূল কপি সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। বাছাই অন্তে ত্রুটিপূর্ণ আবেদনকারীগণ বরাবর পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে না। ১ ও ২নং ত্রিমিকের পদের আবেদনকারীগণ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- পরীক্ষার সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার সনদ ও পুলিশ ভেরিফিকেশন অবশ্যই সতোষজনক হতে হবে।
- নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক মিথ্যা ও অসত্য তথ্য প্রদানের ঘটনা দৃষ্টিগোচর হলে আবেদনপত্র বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এই নিয়োগ সংক্রান্তে কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-  
 চেয়ারম্যান, বাছাই কমিটি ও  
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট  
 রাঙামাটি পার্বত্য জেলা